



বামনপুকুর হুমায়ুন কবীর মহাবিদ্যালয়

মূল্যায়ন কেন্দ্রিক প্রশ্ন

সাম্মানিক স্নাতক বাংলা, পঞ্চম সেমেস্টার, ২০২২

DSE-1, BNGADSE01T-মধ্যযুগের সাহিত্য পাঠ

বিষয় অধ্যাপক : ড. আজিজুল হক মণ্ডল

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৫০

[১-৪ একক পর্যন্ত একটি করে প্রশ্নের উত্তর লিখতে হবে। পার্শ্ববর্তী সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশক]
(১-৪ একক পর্যন্ত প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ এবং একক ৫-এর উত্তর অনধিক ১৫০ শব্দের হবে)

একক-১ : কৃত্তিবাস অনুদিত রামায়ণ

১০

- ১) কৃত্তিবাসী রামায়ণের কাহিনি নির্মাণে কবির মৌলিকতা সম্পর্কে আলোকপাত কর।
- ২) কৃত্তিবাসী রামায়ণে বাঙালিয়ানা কীভাবে ধরা পড়েছে তার বর্ণনা দাও।
- ৩) কৃত্তিবাসী রামায়ণের প্রেক্ষিতে কবি কৃত্তিবাসের কবিত্বের পরিচয় দাও।
- ৪) পাঁচালী কাকে বলে? কৃত্তিবাসী রামায়ণের নামকরণের সার্থকতা বিচার কর।

একক-২ : বিপ্রদাস পিপলাই – মনসামঙ্গল

১০

- ১) বিপ্রদাসের মনসামঙ্গল কাব্যে পুরাণ কাহিনির নবমূল্যায়ন কীভাবে হয়েছে তা ব্যাখ্যা করে বুঝিয়ে দাও।
- ২) মনসামঙ্গলের কাহিনি গ্রন্থে বিপ্রদাস পিপলাইয়ের কৃতিত্ব আলোচনা কর।
- ৩) মনসামঙ্গল কাব্যে চাঁদসদাগর চরিত্রের মহাকাব্যিক বৈশিষ্ট্য নিরূপণ কর।
- ৪) বিপ্রদাসের মনসামঙ্গল কাব্যের সমাজ বাস্তবতা বিষয়ে আলোচনা কর।

একক-৩ : মঙ্গলচণ্ডীর গীত

১০

- ১) মঙ্গলচণ্ডী ও অন্যান্য পৌরাণিক দেবীর প্রসঙ্গ নিয়ে আলোচনা কর।
- ২) 'মঙ্গলচণ্ডীর গীত' নামকরণের সার্থকতা বিচার কর।
- ৩) 'মঙ্গলচণ্ডীর গীত'-এর ভাষাবৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা কর।
- ৪) 'মঙ্গলচণ্ডীর গীত' কাব্যটির কবি পরিচয় দাও।

একক-৪ : রায়গুণাকর ভারতচন্দ্র – অন্নদামঙ্গল

১০

- ১) ভারতচন্দ্রকে যুগসন্ধির কবি বলার যৌক্তিকতা বিচার কর।
- ২) ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যের হাস্যরস প্রসঙ্গে আলোকপাত কর।
- ৩) 'রাজসভাকবি রায়গুণাকরের অন্নদামঙ্গলগান রাজকণ্ঠে মণিমালার মত, যেমন তাহার উজ্জ্বলতা তেমনি তাহার কারুকার্য।' — উক্তিটির যথার্থ্য বিচার কর।
- ৪) অন্নপূর্ণা চরিত্র আলোচনা কর।

একক-৫ : যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও

৫ X ২ = ১০

- ১) কবি কৃত্তিবাসের জীবন পরিচয় দাও।
- ২) ভাঁড়ু দত্ত চরিত্র বিশ্লেষণ কর।
- ৩) নেতা চরিত্র প্রাসঙ্গিকতা বিচার কর।
- ৪) 'মহাজ্ঞান যোগ' – ব্যাখ্যা কর।